# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
(স্থানীয় সরকার শাখা)
www.tangail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪১.৯৩০০.০১১.০১.০২১.২২-২৪৩

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ / ০৭ জুন ২০২২ খ্রিস্টাব্দ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখার গত ০৪ এপ্রিল ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-৫৩ এবং ১৩ এপ্রিল ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১.৫৮ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এর স্থানীয় সরকার শাখার অধীন ইউনিয়ন পরিষদ সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর শূন্যপদে (তফসিল 'ক' ক্রমিক নম্বর ০১-০২) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়, উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৯ চৈত্র ১৪২৮/২৩ মার্চ ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৯.১৫.৩৬ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য (তফসিল 'খ' ক্রমিক নম্বর ০১-০২) নিম্নবর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও টাঙ্গাইল জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে শর্তসাপেক্ষে **http://dctangail.teletalk.com.bd** ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (সনদপত্র বা অন্য কোন দলিলাদি সংযুক্ত করতে হবে না) আহ্বান করা যাচ্ছে :

**তফসিল-ক**

| ক্র. নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পরিষদ সচিব | ১২ (বার)টি | গ্রেড-১৪<br>জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ১০২০০-২৪৬৮০/- তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবেন) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ০২ | ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ০৩ (তিন)টি | গ্রেড-১৬<br>জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ৯৩০০-২২৪৯০/- তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবেন) | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ শব্দ। |

**তফসিল-খ**

| ক্র. নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সার্টিফিকেট সহকারী | ০৩ (তিন)টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)। | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা |
| ০২ | হিসাব সহকারী | ০২ (দুই) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)। | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা |

**আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই পূরণ করতে হবে :**

১. ১২/০৬/২০২২ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্যপদ পূরণে তফসিল 'ক' এর ক্রমিক নম্বর ০১ হতে ০২ এর ক্ষেত্রে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকরী বিধিমালা, ২০১১ এবং তফসিল 'খ' এর ক্রমিক নম্বর ০১ হইতে ০২ এর ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ ও এতৎসংক্রান্ত যাবতীয় সরকারি নির্দেশনা অনুসরণ করা হবে।

৩. **শূন্যপদের বিপরীতে তফসিল 'ক'- এ উল্লেখিত ১ ও ২ এর যে কোন একটি পদে আবেদন করতে হবে। অনুরূপভাবে তফসিল 'খ'-এ উল্লেখিত ১ ও ২ এর যে কোন একটি পদে আবেদন করতে হবে। তফসিল 'ক' এর ১ ও ২ একই ব্যক্তি একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। অনুরূপভাবে ও তফসিল 'খ' এর ১ ও ২ একই ব্যক্তি একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। তফসিল 'ক' উল্লেখিত ০১ ও ০২ এর নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে; অনুরূপভাবে তফসিল 'খ' এ উল্লেখিত ০১ ও ০২ এর নিয়োগ পরীক্ষা সম্ভাব্য অপর একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে।**

৪. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। চাকুরীরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়।

৫. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৬. নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের লিখিত পরীক্ষা বাংলা, গণিত, ইংরেজী, সাধারণ জ্ঞান ও বেসিক কম্পিউটার বিষয়গুলোতে অনুষ্ঠিত হবে।

৭. নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধিমতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা (প্রযোজ্যক্ষেত্রে) অনুষ্ঠিত হবে। শুধু লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৮. চাকরির জন্য আবেদন আগামী ১২/০৬/২০২২ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১০:০০ টা হতে ২৭/০৬/২০২২ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে।

৯. লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূল কপিসমূহ প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির তালিকা নিম্নরূপ:
   ৯.১ শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্র।
   ৯.২ টাঙ্গাইল জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
   ৯.৩ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ ।
   ৯.৪ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামযুক্ত সিলসহ) প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
   ৯.৫ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের সন্তান এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যার পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;
   ৯.৬ আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সম্পর্ক উল্লেখক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
   ৯.৭ শারীরিক প্রতিবন্ধী ও এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
   ৯.৮ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
   ৯.৯ আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র; এবং
   ৯.১০ নির্দিষ্ট কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্র

১০. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে;

১১. বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না;

১২. সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত।

১৩. সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সিল থাকতে হবে।

১৪. বিজ্ঞাপনে উল্লেখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৫. আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬. পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৭. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য যে কোনো পর্যায়ে অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/ভুয়া/জাল/মিথ্যা প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল করা বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮. বিজ্ঞপ্তি, লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য পত্রিকা ছাড়াও টাঙ্গাইল জেলার ওয়েবসাইট www.tangail.gov.bd এবং টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৯. অনলাইন আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলি:
   (ক) আগ্রহী প্রার্থীগণ http://dctangail.teletalk.com.bd এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
   i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১২/০৬/২০২২ খ্রি. সকাল ১০:০০ টা।
   ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৭/০৬/২০২২ খ্রি. বিকাল ০৫:০০ টা।
   ২০. বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন www.tangail.gov.bd

০৭-০৬-২২
(ড. মোঃ আতাউল গনি)
জেলা প্রশাসক
টাঙ্গাইল ফোন: ০২৯৯৭৭১৪৯০২
ফ্যাক্স: ০২৯৯৭৭১৪৯০১
email: dctangail@mopa.gov.bd

ডিজি-১৩৬০/২২ (২০´´×৪)